



## চারঘাট পৌরসভা কার্যালয়

চারঘাট, রাজশাহী।

স্থাপিতঃ ১৯৯৮ খ্রি.



স্মারক নং- চাপৌরাঃ/ TLCC/বিশেষ/২০১৪/২০১৮-১৯/৯০

তারিখ-২৭/০৫/২০২১ খ্রিঃ।

### নগর সমন্বয় কমিটি (TLCC) এর বিশেষ সভার কার্য বিবরণী

সভার স্থান : পৌরসভা মিলনায়তন।

সভার তারিখ : ২৭-০৫-২০২১ খ্রিঃ,

সময় : সকাল- ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ একরামুল হক, মেয়র, চারঘাট পৌরসভা, রাজশাহী।

সভার শুরুতেই সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যকে, কাউন্সিলরবৃন্দ ও অত্র পৌরসভায় কর্মরত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

আলোচ্য বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট সম্পর্কে আলোচনা ও মতামত প্রদান।

আলোচনা : সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রবন্ধ কোরয়ান থেকে তেলওয়াত করেন চারঘাট বাজার জামে মসজিদের পেশ ঈমাম ও টিএলসিসি কমিটির সদস্য জনাব মোঃ নিজাম উদ্দিন। সভাপতি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে জনাব মোহাঃ রবিউল হক সচিব চারঘাট পৌরসভা উপস্থিত সদস্যবৃন্দকে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক তৈরীকৃত ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত খসড়া বাজেটের কপি সরবরাহ করেন। এছাড়া তিনি আরো বলেন এ বাজেট বিগত ৯ মাসের আয় ব্যয়ের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে। বাজেট সম্পর্কে কোন মন্তব্য বা পরামর্শ থাকলে সভায় উপস্থাপন করার জন্য সকলকে আহ্বান করেন। জনাব শ্রী ব্রজ হরিদাস পেশাজীবী সদস্য বলেন বাজেটে পৌরকর আদায় খাতে আরো আয় বাড়ানোর জন্য যথা নিয়মে ৫ বছর পর পর রি-এ্যাসেসম্যান্ট করার জন্য প্রস্তাব করেন। প্রয়োজনে কর পরিশোধ না করলে সকল সেবা বন্ধ করে দিতে হবে। সেই সাথে ট্রেড লাইসেন্স খাতের আয় বৃদ্ধির জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। কারন যারা ব্যবসা করে তাদের সকলের অর্থের সমস্যা নেই। এসব ক্ষেত্রে ভোটের বা রাজনৈতিক চিন্তা করলে হবে না কারন এখানে ইউজিআইআইপি-৩ প্রকল্পের মাধ্যমে অনেক কাজ হচ্ছে। এই প্রকল্পের সমস্ত টাকার কাজ আমরা করতে চাই। উপস্থিত সকল সদস্য এ বক্তব্যের সাথে একমত পোষন করেন। দারিদ্র প্রতিনিধি জনাবা মোসাঃ নার্গিস বেগম বলেন বাজেটে দারিদ্র হ্রাস কর্মসূচিতে ব্যয় বৃদ্ধি করতে হবে সেই সাথে সেলাই ও নক্সা প্রশিক্ষন খাতে ব্যয় বরাদ্দ রাখার প্রস্তাব করেন। জনাব মোঃ নেজামুল হক পেশাজীবী সমাজের প্রতিনিধি বলেন অনেক বাড়ীর আগামী সাধারণ এ্যাসেসম্যান্টের সময় পৌরকর সঠিক ভাবে ধরতে হবে। তাহলে পৌরকর খাতে আয় বৃদ্ধি পাবে। জনাব শুকলা সরকার সদস্য নাগরিক সমাজ বলেন রিক্সা ভ্যান লাইসেন্স খাতে আয় কম হয়েছে। জনাব মোঃ সিরাজুল ইসলাম প্রধান শিক্ষক চারঘাট পাইলট উচ্চ বিদ্যালয় বলেন বাজেটে শিক্ষা খাতে ব্যয় বাড়তে হবে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিশেষে সভাপতি মহোদয় বলেন নাগরিকত্ব সার্টিফিকেট পৌরকর পরিশোধ সাপেক্ষে দেওয়ার প্রস্তাব উত্তম। এ বিষয়ে ইতোমধ্যে পদক্ষেপ নেওয়া হয়েছে। আগামীতে সেলাই ও নক্সা প্রশিক্ষন দেওয়ার জন্য বাজেটে বরাদ্দ রাখা হবে।

**সিদ্ধান্তঃ** সভায় সর্বসম্মতিক্রমে প্রাক বাজেট আলোচনায় যে সকল সুপারিশ পাওয়া গেল তা আগামী ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে অন্তর্ভুক্ত করা এবং ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য সুচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত টিএলসিসি কমিটির সকল সদস্য ও বাজেট প্রস্তুতের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সকল সদস্য, সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে এবং যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান সুচিগত মতামত দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
(মোঃ একরামুল হক)  
মেয়র  
চারঘাট পৌরসভা, রাজশাহী।

স্মারক নং- চাপৌরাঃ/ TLCC/বিশেষ/২০১৪/২০১৮-১৯/৯০/১(২০)

তারিখ- ২৭/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১. সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ বায়লাদেশ সচিবালয় ঢাকা।
২. মহাপরিচালক, এনআইএলজি ভবন, ২৯ আগারগাও ঢাকা ১২০৭।
৩. উপ-পরিচালক স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় রাজশাহী।
৪. জনাব/জনাবা. .... নং ওয়ার্ড /সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর।
৫. বিভাগ/ শাখা প্রধান অত্র কার্যালয়।

স্বাক্ষরিত  
(মোঃ একরামুল হক)  
মেয়র  
চারঘাট পৌরসভা, রাজশাহী।



চারঘাট পৌরসভা কার্যালয়  
চারঘাট, রাজশাহী।  
স্থাপিতঃ ১৯৯৮ খ্রি.



স্মারক নং- চাপৌরাঃ/ TLCC/বিশেষ/২০১৪/২০১৮-১৯/৮৫/১

তারিখ- ১৭/০৫/২০২১ খ্রিঃ।

### বিজ্ঞপ্তী

আগামী ২৭/০৫/২০২১খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার সকাল ১০.৩০  
টা পৌরসভা কার্যালয়ে টিএলসিসি কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত কমিটির সম্মানিত সদস্য হিসাবে যথা সময়ে ও স্থানে উপস্থিত  
থাকার জন্য আপনাকে অনুরোধ করা হল।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২১-২০২২ অর্থ  
বছরের প্রস্তাবিত বাজেটের উপর মতামত ও সুপারিশ প্রদান প্রসঙ্গে।

স্বাক্ষরিত  
( মোঃ একরামুল হক )  
মেয়র  
চারঘাট পৌরসভা ,রাজশাহী।

প্রাপকঃ

জনাব/জনাবা.....

সম্মানিত সদস্য টিএলসিসি কমিটি

চারঘাট পৌরসভা ,রাজশাহী।